ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৬৭
আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**২৫ অক্টোবর আগরতলা পুরনিগমের শারদ সম্মান অনুষ্ঠান**

আগামী ২৫ অক্টোবর রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আগরতলা পুরনিগমের শারদ সম্মান অনুষ্ঠানের আয়োজন করা হবে। এবছর ২১টি ক্লাবকে বিভিন্ন বিভাগে শারদ সম্মান প্রদান করা হবে। আজ আগরতলা পুরনিগমের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার এই সংবাদ জানান। তিনি জানান, অন্যান্য বছরের মতো এবছরও ৪টি জোনে বিভিন্ন বিভাগে শ্রেষ্ঠ ক্লাবগুলিকে শারদ সম্মান প্রদান করা হবে। এছাড়াও থাকবে সেরার সেরা পুরস্কার। এবছর সেন্ট্রাল জোনের শ্রেষ্ঠ প্রতিমার জন্য পুরস্কার প্রদান করা হবে সূর্য তোরণ ক্লাবকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য নেতাজী প্লে ফ্লোরাম সেন্টার, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য নবদিগন্ত ক্লাব এবং শ্রেষ্ঠ থিমের জন্য ব্লাড মাউথ ক্লাবকে পুরস্কৃত করা হবে। সাউথ জোনের শ্রেষ্ঠ প্রতিমার জন্য পুরস্কার প্রদান করা হবে উদীয়মান সংঘকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য মিলনচক্র ক্লাব, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য আপনজন ক্লাব এবং শ্রেষ্ঠ থিমের জন্য ভারত মাতা সংঘকে পুরস্কৃত করা হবে। পূর্ব জোনের শ্রেষ্ঠ প্রতিমার জন্য পুরস্কার প্রদান করা হবে স্ফুলিঙ্গ ক্লাবকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য রামঠাকুর সংঘ, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য শিবনগর মর্ডাণ ক্লাব আমরা তরুণ দল এবং শ্রেষ্ঠ থিমের জন্য শতদল সংঘকে পুরস্কৃত করা হবে। উত্তর জোনের শ্রেষ্ঠ প্রতিমার জন্য পুরস্কার প্রদান করা হবে এলবার্ট ক্লাবকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য শান্তিকামী সংঘ, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য নিউস্টার ক্লাব এবং শ্রেষ্ঠ থিমের জন্য মহান ক্লাবকে পুরস্কৃত করা হবে। পুরস্কার স্বরূপ প্রত্যেকটি ক্লাবকে একটি সুদৃশ্য ট্রফি এবং ২৫ হাজার টাকার চেক প্রদান করা হবে। এছাড়াও ৫টি ক্লাবকে বিভিন্ন বিভাগে সেরার সেরা পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে শ্রেষ্ঠ প্রতিমার জন্য দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য কুঞ্জবন স্পোর্টিং ক্লাব, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য ফ্লাওয়ার্স ক্লাব, শ্রেষ্ঠ থিমের জন্য কসমোপলিটন ক্লাব এবং মহিলাদের দ্বারা আয়োজিত শ্রেষ্ঠ পুজা হিসেবে শিবনগর মহিলা পূজা কমিটিকে পুরস্কৃত করা হবে। এক্ষেত্রে প্রতিটি ক্লাবকে একটি সুদৃশ্য ট্রফি ও ৫০ হাজার টাকার চেক প্রদান করা হবে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত সহ অন্যান্য কর্পোরেটরগণ।

******